भारतीय गैर न्यायिक

बीस रुपये रु.20 Rs.20 TWENTY RUPEES

INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 02AA 453434

Admissible under Rule 21 of W.B.R.R. Act 1962 ... stamp under the Indian Stamp Act, 1899 (W.B. Stamp as amended up to date) Schedule 1A No. 23 Fees Paid ... Rs =4026+7 Process Fees 15/- ... in G.R.S

SEAL OF ADDL. DIST. SUB-REGISTRAR, MAYNAGURI, DIST. JALPAIGURI

Addl. District Sub-Registrar MAYNAGURI 17.12.07

Duty Required Rs. 183501 ... paid in ... Rs 20/- ... u/s. 41 ... I.S.A. 1899 in ... draft ... u/s. 2(9) of I.S.A. 1899. Rs 183481

## সাফ বিক্রয় কোবালা

কোবালা গ্রহীতাঃ-

ঈপক গ্রীন ফিল্ডস আই. টি. পার্কস ডেভলপমেন্ট লিমিটেড, একটি সংস্থা, যাহা ১৯৫৬ সালে কোম্পানী আইন অনুসারে নিবন্ধীকৃত, যাহার রেজিষ্টার্ড অফিসের ঠিকানা - "বিশ্বকর্মা", ৮৬সি, তপসিয়া রোড (সাউথ) থানা-তপসিয়া, কোলকাতা-৭০০ ০৪৬। কোম্পানীর পক্ষে- শ্রী সোমনাথ চক্রবর্ত্তী, পিতা মৃত অবিনাশ চক্রবর্ত্তী, জাতি-হিন্দু, পেশা-চাকুরী, ঠিকানা "বিশ্বকর্মা", ৮৬সি, তপসিয়া রোড (সাউথ), থানা-তপসিয়া, কোলকাতা-৭০০ ০৪৬।।

পৃষ্ঠা ২

706 ...... দলিল সংখ্যা
তারিখ 07-11-07
লেখক S. Sarkar Adv.
ঠিকানা Alipore Judges court Kol-27.

ফিঃ ... বিক্রয় কোর্ট

Rs-20/-

Presented for Registration at ...
A.M./P.M. on the 12th day of Dec.
2007 of Addl District Sub-Registrar Office,
Maynaguri, Jalpaiguri by Kalu Roy
Executants/Claimants.

1. Bhota Roy (2) Kalu Roy
3. Lalu Roy all sons of Bhabendra Nath Roy
4. Amal Roy S/O Lt. Kamba Deb Roy.
5. Nihar bala Roy W/O Lt Alok ch Roy.

VCTS 630

Addl. District Sub-Registrar MAYNAGURI 12-12-07

Name 6. Shanti bala Barman
W/o Lt Madhab ch. Barman
of Jhar matiali.
Thana Mal
District Jalpaiguri
By Caste Hindu/Muslim
By Profession Grihasthi

VCTS 631

VCTS 632

Name Bhupendra nath Roy
S/o Lt Kamdeb Roy
of Vi. Jhar matiali
Thana Mal
District Jalpaiguri
By Caste Hindu/Muslim
By Profession ———

Addl. District Sub-Registrar MAYNAGURI

Certified that Deficit Stamp Duty Rs. 18330/-
(Rupees 2004 0127 ) as a Bank
Draft bearing No 4152293 dt 30-11-07 of State Bank
of ... Code ...
make up the proper Stamp Duty with which
the Document is Chargeable.

COLLECTOR
U/S. 2/9) (b) of I.S. Act. 1899
A.D.S.R. Maynaguri, Jalpaiguri
12/12/07



*কোবালা দাতা ও দাত্রীগণঃ-*

(১) শ্রী ভোটা রায়, (২) শ্রী কালু রায়, (৩) শ্রী লালু রায়, সকলের পিতা শ্রী ভবেন্দ্রনাথ রায়, (৪) **শ্রী অমল রায়,** পিতা মৃত কস্বদেব রায়, সকলের জাতি-হিন্দু, পেশা-কৃষিকার্য্য, (৫) **শ্রীমতী নীহারবালা রায়,** স্বামী মৃত অলোক চন্দ্র রায়, (৬) **শ্রীমতী শান্তিলতা বর্মন,** স্বামী মৃত মাধব চন্দ্র বর্মন, উভয়ের-জাতি-হিন্দু, পেশা-গৃহস্থালী, সকলের সাকিম-ঝাড় মাটিয়ালী, পোষ্ট অফিস,-লাটাগুড়ি, থানা- মাল, জেলা -জলপাইগুড়ি ।

কস্য নিম্ন তপশীলে বর্ণিত অত্র সহ সঙ্গীয় নক্সায় **"লাল"** রংয়ের রেখা দ্বারা বিশেষভাবে চিহ্নিত ও প্রদর্শিত কমবেশী ১(এক) ১০(দশ) শতক দহলা জমিজমা মায় আকর আওলাতাদি মায় সর্ব্বপ্রকার ব্যবহারিক ও ইজমেণ্ট স্বত্বাদি সহ সম্পত্তির সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দোষ অবস্থায় সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা -জলপাইগুড়ি, থানা -মাল, ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস-জলপাইগুড়ি, এ্যাডিসন্যাল ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস-ময়নাগুড়ি, লাটাগুড়ি গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, পরগনা -দক্ষিণ ময়নাগুড়ি, ৮৪ নং তৌজির অন্তর্গত, রেঃ সাঃ নং- ৫৯, জে. এল. নং - ৯২, বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের পক্ষে জেলা-জলপাইগুড়ি কালেকটর বাহাদুরের অধীন, মৌজা-ঝাড় মাটিয়ালী গ্রামে, এল. আর. জরীপের ১৭ নং খতিয়ানের অন্তর্গত ৭৬১ নং দাগে ২.২৭ একর দহলা জমিজমার মধ্যে ৪১ শতক দহলা জমিজমা মালিক ও দখলীকার ছিলেন অঙ্গদেব রায়, পিতা কামদেব রায়, সাকিম-ঝাড় মাটিয়ালী, থানা- মাল, জেলা -জলপাইগুড়ি মহাশয়।

উক্ত অঙ্গদেব রায় মহাশয় উপরিউক্ত ও অন্যান্য সম্পত্তি ভোগদখল করিতে থাকাকালীন বিগত ইংরাজী ১৭/০৩/১৯৯৭ তারিখে এককেতা রেজিষ্ট্রীকৃত দলিল মূলে ৭৬১ নং দাগে ২.২৭ একর দহলা জমিজমার মধ্যে ৪১ শতক দহলা জমিজমা ভোটা

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR
MAYNAGURI DIST. JALPAIGURI

Addl, District
Sub-Registrar
MAYNAGURI

রায়, শ্রী কালু রায় ও শ্রী লালু রায় অর্থাৎ ১ হইতে ৩ নং কোবালা দাতাগণকে বিক্রয় করেন। উক্ত দলিলখানি ময়নাগুড়ি সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ১৮ নং ভল্যুমে, ১৩৯ নং পৃষ্ঠা হইতে ১৪২ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ইংরাজী ১৯৯৭ সালে ১২৮২ নং দলিলরূপে নিবন্ধীকৃত আছে।

এখানে বিশেষভাবে উল্লেখ রাখা প্রয়োজন যে এল. আর. জরীপের কৃষি ১৭ নং খতিয়ানের অন্তর্গত ৭৬১ নং দাগে ২.২৭ একর দহলা জমিজমার মধ্যে ৪১ শতক দহলা জমিজমা মালিক ও দখলীকার ছিলেন অঙ্গদেব রায়, কিন্তু উপরিউক্ত বিগত ইংরাজী ১৭/০৩/১৯৯৭ তারিখের ১২৮২ নং দলিল মূলে ৭৫ ১/২ শতক দহলা জমিজমা ভোটা রায়, কালু রায় ও লালু রায়কে বিক্রয় করেন। উক্ত অঙ্গদেব রায় মহাশয়ের ৭৬১ নং দাগে ৭৫ ১/২ শতক দহলা জমিজমা বিক্রয় করিবার কোন হক বা অধিকার ছিল না। তিনি যেহেতু ৪১ শতক দহলা জমিজমার মালিক ও দখলীকার ছিলেন সেইহেতু উপরিউক্ত বিগত ইংরাজী ১৭/০৩/১৯৯৭তারিখে ১২৮২ নং দলিল মূলে তিনি ৪১ শতক দহলা জমিজমা ভোটা রায়, কালু রায় ও লালু রায়কে বিক্রয় করিয়াছেন।

উক্ত এলাকাধীন মৌজা-ঝাড় মাটিয়ালী গ্রামে, এল. আর. জরীপের ৩০৫ নং খতিয়ানের অন্তর্গত ৭৬১ নং দাগে ২.২৭ একর দহলা জমিজমার মধ্যে ২৩ শতক দহলা জমিজমা মালিক ও দখলীকার হইতেছি আমি ৪ নং কোবালা দাতা অমল রায়।

উক্ত এলাকাধীন মৌজা-ঝাড় মাটিয়ালী গ্রামে, এল. আর. জরীপের ৩০৬ নং খতিয়ানের অন্তর্গত ৭৬১ নং দাগে ২.২৭ একর দহলা জমিজমার মধ্যে ২৩ শতক দহলা জমিজমা মালিক ও দখলীকার হইতেছি আমি ৫ নং কোবালা দাত্রী নীহারবালা রায়।

উক্ত এলাকাধীন মৌজা-ঝাড় মাটিয়ালী গ্রামে, এল. আর. জরীপের ৩০৭ নং খতিয়ানের অন্তর্গত ৭৬১ নং দাগে ২.২৭ একর দহলা জমিজমার মধ্যে ২৩ শতক দহলা জমিজমা মালিক ও দখলীকার হইতেছি আমি ৬ নং কোবালা দাত্রী শান্তিলতা বর্মন।

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR
অতিরিক্ত জেলা অবর নিবন্ধকের মোহর
ময়নাগুড়ি, জেলা-জলপাইগুড়ি
MAYNAGURI, DIST. JALPAIGURI

Addl, District
Sub-Registrar
MAYNAGURI

আমরা বর্তমান কোবালা দাতা ও দাত্রীগণ উপরিউক্ত ও নিম্ন তপশীলে কমবেশী ১(এক) একর ১০(দশ) শতক দহলা জমিজমা খরিদা ও ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া ও উহার ট্যাক্সাদি ও খাজনাদি আদায় দিয়া অন্যের বিনা স্বত্ব সংশ্রবে ও নিব্যূঢ় স্বত্বে খাসে ভোগবান ভোগবতী ও দখলীকার ও দখলকারিনী নিয়ত আছি।

এক্ষনে নানাপ্রকার বৈধ ও সঙ্গত কারণে নগদ টাকার বিশেষ প্রয়োজন বোধে নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি আমরা বিক্রয় করিবার প্রকাশ, প্রচার ও ঘোষণা করিলে আপনি অত্র কোবালা গ্রহীতা তাহা অবগত হইয়া আমাদের নিকট নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি সর্ব্বমোট **৩,৬৭,০০০৲ ( তিন লক্ষ সাতষট্টি হাজার ) টাকা** মূল্যে খরিদ করিবার প্রস্তাব দিলে আমরা উহা বাজারোচিৎ সর্ব্বোচ্চ মূল্য বিবেচনা করিয়া রাজী হইয়া আপনার নিকট হইতে পণের সমুদয় মূল্য **৩,৬৭,০০০৲ ( তিন লক্ষ সাতষট্টি হাজার ) টাকা** নিম্ন টাকার জায় মোতাবেক গ্রহণকরতঃ আপনার নাম বরাবর অত্র কোবালা দলিল সহি সম্পাদন করিয়া দিয়া নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি আপনাকে বিক্রয়করতঃ বিক্রীত সম্পত্তির খোলসা খাস দখল অদ্যই আপনাকে প্রদান করিয়া দিয়া উহা হইতে ওয়ারিশানগণক্রমে আমরা চিরতরে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম।

আমরা অত্র কোবালা দাতা নং ২ ও ৩ প্রকাশ, প্রচার ও ঘোষণা করিতেছি যে, আমরা কোবালা গ্রহীতাকে বিক্রয় মূল্য সমুদয় টাকা আমাদের ভ্রাতা ১ নং কোবালা দাতা- ভোটা রায়ের নামে ড্রাফট মারফৎ দিবার জন্য অনুরোধ করিলে, সেই মোতাবেক কোবালা গ্রহীতা- ভোটা রায়ের নামে ড্রাফট মারফৎ নিম্ন জায় মোতাবেক টাকা প্রদান করিয়াছেন এবং তাহা আমরা গ্রহন করিয়াছি এবং ইহাতে আমরা ভবিষ্যতে কোনরকম ওজর আপত্তি করিব না করিলেও তাহা সর্ব্বত্র নামঞ্জুর বা অগ্রাহ্য হইবে।

আমরা অত্র কোবালা দাতা নং ৪, ৫ ও ৬ প্রকাশ, প্রচার ও ঘোষণা করিতেছি যে, আমরা কোবালা গ্রহীতাকে বিক্রয় মূল্য সমুদয় টাকা ৪ নং কোবালা দাতার মাতুল ও ৫ ও ৬ নং কোবালা দাতার ভ্রাতা- ভূপেন্দ্রনাথ রায়ের নামে ড্রাফট মারফৎ দিবার জন্য অনুরোধ করিলে, সেই মোতাবেক কোবালা গ্রহীতা - ভূপেন্দ্রনাথ রায়ের নামে ড্রাফট

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR ★ MAYNAGURI DIST. JALPAIGURI ★

Addl, District
Sub-Registrar
MAYNAGURI

মারফৎ নিম্ন জায় মোতাবেক টাকা প্রদান করিয়াছেন এবং তাহা আমরা গ্রহন করিয়াছি এবং ইহাতে আমরা ভবিষ্যতে কোনরকম ওজর আপত্তি করিব না করিলেও তাহা সর্ব্বত্র নামঞ্জুর বা অগ্রাহ্য হইবে।

আমরা অত্র কোবালা দাতা ও দাত্রীগণ এতদ্বারা প্রচার, প্রকাশ ও ঘোষণা করিতেছি যে বিক্রীত সম্পত্তি মায় তৎসংলগ্ন যাবতীয় ইজমেণ্ট স্বত্বাদিতে আমাদের যাহা কিছু সত্ব, স্বামীত্ব অধিকার হক হকিয়ৎ ছিল বা আছে তৎসমুদয় অত্র কোবালা বলে ধ্বংশ ও লুপ্ত হইয়া আপানাতে বর্তাইল। আপনি অদ্য হইতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে মালিক দখলিকার নিযুক্ত হইয়া বর্তমান মালিক সরকার সেরেস্থায় ও গ্রাম পঞ্চায়েতে আমাদের নামের স্থলে আপনার নিজ নাম নথিভূক্ত করাইয়া উহার ধার্য্যকৃত খাজনাদি ও ট্যাক্সাদি যথারীতি আদায় দিয়া দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্বপ্রকার হস্তান্তর ও রূপান্তর করনের অবাধ ক্ষমতা যুক্তে স্থলাভিষিক্তগণক্রমে চিরকাল পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে কস্মিনকালেও আমরা মায় আমাদের অপর ওয়ারিশান গণক্রমে কেহ কোনদিন কোনপ্রকার প্রকার ওজর আপত্তি বা দাবি দাওয়া করিতে পারিব না, করিলেও তাহা অত্র বিক্রয় কোবালা বলে সর্বদা বাতিল, নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

আরোও প্রকাশ থাকে যে উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি আমরা ইতি পূর্ব্বে অন্য কাহারও নিকট কোনপ্রকারে দায়, সংযোগ বা হস্তান্তর করি নাই বা করা নাই অথবা কাহাকেও বিলি বন্দোবস্ত করা নাই অথবা কাহাকেও জীবন স্বত্বে বা নিঃস্বত্বে দান করা নাই, উক্ত সম্পত্তি কোন দেবসেবায় অর্পন করা নাই অথবা কাহাকেও ভাগে বিলি বন্দোবস্ত দেওয়া নাই কিংবা সরকার বাহাদুর হইতে একুইজিশান বা রিকুইজিশান হইবার জন্য কোন নোটিশ জারি হয় নাই, অথবা বিক্রীত সম্পত্তিতে কোনপ্রকার মামলা মোকর্দ্দমা দায়ের করা নাই অথবা আর অন্য কোন শরিক বা অংশীদার নাই। উক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ, উত্তম স্বত্ত্ব এবং মুক্ত অবস্থায় আমাদের ষোল আনা খাস দখলে থাকা অবস্থায় উহা আমরা আপনাকে নির্ব্যূঢ় স্বত্বে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে দখলচ্যুত হইয়া অদ্যই আপনাকে খোলসা খাস দখল প্রদান করিলাম।

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR
MAYNAGURI DIST. JALPAIGURI

Addl. District
Sub-Registrar
MAYNAGURI

যদি ভবিষ্যতে উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তির দায় থাকা প্রকাশ পায় কিংবা উক্ত স্বীকার উক্তির মধ্যে কোন একটি মিথ্যা বা তঞ্চকতা প্রমানিত হইয়া আপনার খরিদা স্বত্ব দখলে বা তাহার কোন অংশে ক্ষতি হয় বা বিঘ্ন ঘটে তাহা হইলে আপনি মাফিক আইন আমলে আসিয়া আপনার যাবতীয় ক্ষতি বা খেসারত পূরন করিতে আমরা মায় আমাদের ওয়ারিশান গণক্রমে বাধ্য থাকিলাম।

যদি ভবিষ্যতে অত্র সাফ বিক্রয় কোবালা দলিলে কোনপ্রকার ভূলভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহার জন্য যদি কোনপ্রকার সংশোধনী দলিল করিবার আবশ্যক হয় তাহা হইলে আমরা মায় আমাদের ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণক্রমে পুনরায় যে কোনপ্রকার সংশোধনী দলিলাদি আপনার অনুকূলে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সরল অন্তঃকরনে, অন্যের বিনানুরোধে বা বিনা প্ররোরচনায় অত্র দলিল পড়িয়া বুঝিয়া ও ইহার মর্ম্ম ও ফলাফল সম্যকরূপে অবগত হইয়া অত্র দলিল আপনার নাম বরাবর সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তাং বাংলা ১৪১৪ সালের ২৩শে অগ্রহায়ণ, মোতাবেক ইংরাজী ২০০৭ সালের ১০ই ডিসেম্বর।

## তপশীল (বিক্রীত সম্পত্তির পরিচয় ও চৌহদ্দি)

জেলা -জলপাইগুড়ি, থানা -মাল, ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস-জলপাইগুড়ি, এ্যাডিসন্যাল ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস-ময়নাগুড়ি, লাটাগুড়ি গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, পরগনা -দক্ষিণ ময়নাগুড়ি, ৮৪ নং তৌজির অন্তর্গত, রেঃ সাঃ নং- ৫৯, জে. এল. নং - ৯২, মৌজা-ঝাড় মাটিয়ালী গ্রামে, এল. আর. জরীপের ১৭, ৩০৫, ৩০৬ ও ৩০৭ নং খতিয়ানের অন্তর্গত, ৭৬১(সাত শত একষট্টি) নং দাগে ২.২৭ একর দহলা জমিজমার মধ্যে ১(এক ) একর ১০(দশ) শতক দহলা জমিজমা মায় আকর আওলাতাদি মায় সর্ব্বপ্রকার ব্যবহারিক ও ইজমেণ্ট স্বত্বাদি সহ সম্পত্তি অত্র কোবালাদলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তি অত্র কোবালা দলিলের সহিত গ্রথিত নক্সায় **"লাল"** রংয়ের রেখার দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত। অত্র বিক্রীত দাগের সম্পত্তি চাষাবাদে ব্যবহৃত হইতেছে এবং যাতায়াতের কোন পথ নাই। পৃষ্ঠা ৭

ADDL. DIST. SUB-REGISTRAR

DIST. JALPAIGURI

Addl, District
Sub-Registrar
MAYNAGURI

## উঁহার চৌহদ্দি ঃ-

উত্তরে ঃ- ৭৬২, ৭৬৭, ৭৬৮, ৭৭১, ৭৭০ ও৭৭৪ নং দাগের জমিজমা।

দক্ষিণেঃ- ৭৬০ ও ৭৭৭ নং দাগের জমিজমা।

পূর্বেঃ- ৭৭৬ নং দাগের জমিজমা।

পশ্চিমে ঃ- ৭৬১ নং দাগের অংশ ভুক্ত জমিজমা।

## টাকার জায়

অদ্য কোবালা গ্রহীতার নিকট হইতে ড্রাফট মারফত লওয়া ৩,৬৭,০০০ ( তিন লক্ষ সাতষট্টি হাজার) টাকা মাত্র উহা নিম্নে বর্ণিত হইল।

| ব্যাঙ্ক | ড্রাফট নং | তারিখ | টাকা |
|---|---|---|---|
| সেন্ট্রাল ব্যাঙ্ক অফ্ ইণ্ডিয়া | ০৪৭৮৪৩ | ৩০/১১/২০০৭ | ২,৫২০০০ |
| সেন্ট্রাল ব্যাঙ্ক অফ্ ইণ্ডিয়া | ০৪৭৮৪৪ | ৩০/১১/২০০৭ | ১,১৫০০০ |
| | | মোট | ৩,৬৭,০০০ |

(মবলগে তিন লক্ষ সাতষট্টি হাজার টাকা ) মাত্র বুঝিয়া পাইলাম।

ইসাদী ঃ-

১।

২।

কোবালা দাতা ও দাত্রীগণের স্বাক্ষর

**Drafted by & Prepared in the office of :-**


Subhankar Sarkar

**Subhankar Sarkar**
*Advocate*
Enrolment No. WB/205/1997
Alipore Judges' Court, Kolkata-700 027.

**Computer Print by :-**

*Tuphan Ganguly*
Alipore Judges' Court, Kolkata-700 027.

Addl. District
Sub-Registrar
MAYNAGURI



| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| দক্ষিণ হস্ত | | | | | |
| বামহস্ত | | | | | |

নাম ঃ- শ্রী ভোটা রায়

স্বাক্ষরঃ



| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| দক্ষিণ হস্ত | | | | | |
| বামহস্ত | | | | | |

নাম ঃ- শ্রী কালু রায়

স্বাক্ষরঃ-



| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| দক্ষিণ হস্ত | | | | | |
| বামহস্ত | | | | | |

নাম ঃ- শ্রী লালু রায়

স্বাক্ষরঃ-

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR
MAYNAGURI, DIST. JALPAIGURI

Addl. District
Sub-Registrar
MAYNAGURI



| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| দক্ষিণ হস্ত | | | | | |
| বামহস্ত | | | | | |

নাম ঃ- শ্রী অমল রায়

স্বাক্ষরঃ-




| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| দক্ষিণ হস্ত | | | | | |
| বামহস্ত | | | | | |

নাম ঃ- শ্রীমতী নীহারবালা রায়

স্বাক্ষরঃ-

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR
অতিরিক্ত জেলা অবর নিবন্ধকের মোহর
ময়নাগুড়ি, জেলা-জলপাইগুড়ি
MAYNAGURI, DIST. JALPAIGURI

Addl, District
Sub-Registrar
MAYNAGURI






| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| দক্ষিণ হস্ত | | | | | |
| বামহস্ত | | | | | |

নাম ঃ- শ্রীমতী শান্তিলতা বর্মন

স্বাক্ষর ঃ-



| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| দক্ষিণ হস্ত | | | | | |
| বামহস্ত | | | | | |



নাম ঃ- শ্রী সোমনাথ চক্রবর্ত্তী

স্বাক্ষর ঃ- সোমনাথ চক্রবর্ত্তী

Book No. I Volume No. 30
Pages. 447 to 454
Being No. 2753 for the year 2007

P. Photograph of (3) executants are attached whose signatures are absent.

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR ★ MAYNAGURI, DIST. JALPAIGURI

Addl. District Sub-Registrar MAYNAGURI

OFee – Rs. 15.00

ADSR
22-3-2012


Addl. District Sub-Registrar MAYNAGURI

29/06/10

SITE PLAN IN RESPECT OF EPOCH GREEN FIELDS I.T. PARKS DEVELOPMENT LIMITED 86C TOPSIA ROAD (SOUTH) KOLKATA-700046 OF MOUZA JHAR MATIALI J.L.NO-92 SHEET NO-2 P.S.-MAL UNDER LATAGURI GRAM PANCHAYET DISTRICT-JALPAIGURI.

TRUE COPY OF R.S. MAP (IN PART)
SCALE 16"=1 MILE

LAND PROPOSED TO BE SOLD
AREA SHOWN BY RED COLOUR




Drawn by
Anupam Ghoshe

Addl. District
Sub-Registrar
MAYNAGURI